

পত্র নং- ৩৩.০২.৯১২৭.৫০১.২৭.০০১.২১.১৩৯

তারিখঃ ২৬/০৮/২০২১ খ্রিঃ

কোটেশন বিজ্ঞপ্তি

মৎস্য অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় পোনা মাছ অবমুক্তির নিমিত্তে বরাদ্দ ৭৮,০০০/- (আটাত্তর হাজার টাকা মাত্র) ও পরবর্তী পর্যায়ে প্রাপ্ত টাকার রুই জাতীয় বিভিন্ন প্রকার জীবন্ত মাছের সুস্থ-সবল পোনা ক্রয়ের জন্য প্রকৃত পোনা উৎপাদনকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাড-এ নিম্নোক্ত কোটেশন শর্তাবলী সাপেক্ষে কোটেশন আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, এই কোটেশনই ২০২১-২২ অর্থবছরে রাজস্ব খাতের প্রাপ্ত সকল বরাদ্দের কোটেশন হিসেবে গণ্য করা হবে।

০১	মন্ত্রণালয়/ বিভাগ	:	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
০২	অধিদপ্তর	:	মৎস্য অধিদপ্তর।
০৩	সংগ্রাহক	:	উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৪	কাজের নাম	:	কোম্পানীগঞ্জ উপজেলায় সরকারী জলমহাল/ প্লাবনভূমি/ বর্ষাপ্লাবিত ধানক্ষেত-এ পোনা মাছ অবমুক্তকরণ।
০৫	কাজ সম্পাদনের সময়সীমা	:	কার্যাদেশ প্রদানের ০৫ (পাঁচ) দিনের মধ্যে।
০৬	ব্যয়ের উৎস	:	জিওবি।
০৭	কোটেশন দাখিলের শেষ তারিখ ও সময়	:	০৬/০৯/২০২১ খ্রিঃ বেলা ১৪:০০ ঘটিকা।
০৮	কোটেশন খোলার স্থান	:	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ, সিলেট। (কোটেশনদাতা অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কোটেশন খোলার সময় উপস্থিত থাকতে পারবেন)
০৯	কোটেশন খোলার তারিখ ও সময়	:	০৬/০৯/২০২১ খ্রিঃ, ১৪:৩০ ঘটিকা।
১০	শর্তাবলী	:	ক) রুই ৪০%, কাতলা ২০%, মুগেল, কালিবাউস/ঘনিয়া ৪০% হারে ১০-১৫ সে.মি. আকারের পোনা মাছ সরবরাহ করতে হবে। খ) কোটেশন দাতাকে নিজস্ব প্যাড-এ প্রজাতি ভিত্তিক প্রতি কেজির দর উল্লেখ করতে হবে। গ) কর্তৃপক্ষের মঞ্জুরী ও অনুমোদন সাপেক্ষে বিল পরিশোধ করা হবে। ঘ) কোন চলতি ও অগ্রীম বিল প্রদান করা হবে না। ঙ) কার্যাদেশ এ উল্লেখিত নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পাদন করতে হবে। চ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং সর্বনিম্ন কোটেশন গ্রহণে বাধ্য নন। ছ) ইউপি চেয়ারম্যান/পৌরসভা মেয়র কর্তৃক প্রদত্ত পোনা উৎপাদনকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। জ) পলিথিন ব্যাগে অক্সিজেন দিয়ে অথবা অন্য কোন টেকসই উপায়ে পোনা সরবরাহ করতে হবে এবং নিজ দায়িত্বে সরবরাহকারীকে নির্ধারিত জলাশয়ে পৌঁছে দিতে হবে। এ জন্য সরবরাহকারীকে আলাদা কোন পরিবহন খরচ প্রদান করা হবে না। ঝ) কমিটি কর্তৃক গৃহীত সফল দরদাতাকে পোনা গ্রহণ ও অবমুক্তকরণ কমিটির সদস্যদের উপস্থিতিতে নির্ধারিত জলাশয়ে পোনা সরবরাহ করতে হবে। কার্যাদেশে উল্লেখিত নির্ধারিত জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করা হবে।

২৬/০৮/২০২১

মোহাম্মদ আব্দুল্লাহ আল ইমরান

উপজেলা মৎস্য কর্মকর্তা

মোবাইলঃ ০১৭৬৯-৪৫৯৮৫১

ই-মেইলঃ ufocompaniganj_s@fisheries.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
কোম্পানীগঞ্জ, সিলেট।
<http://fisheries.companiganj.sylhet.gov.bd>

পত্র নং- ৩৩.০২.৯১২৭.৫০১.২৭.০০১.২১.১৩৯(১১)

তারিখঃ ২৬/০৮/২০২১ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপিঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৪।
- ২। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৩। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
- ৪। জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
- ৭। উপজেলা _____কর্মকর্তা (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট।
- ৮। চেয়ারম্যান, _____ইউনিয়ন পরিষদ (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট।
- ৯। উপজেলা পরিষদ নোটিস বোর্ড, কোম্পানীগঞ্জ, সিলেট।
- ১০। অত্র দপ্তরের নোটিস বোর্ড।
- ১১। দপ্তর নথি।


২৬/০৮/২০২১
উপজেলা মৎস্য কর্মকর্তা